

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mora.gov.bd](http://www.mora.gov.bd)

নম্বর: ধবিম/হ:শা:/৪-৩৫৩/২০১৩- ১৮৮

তারিখ: ১১ আষাঢ়, ১৪২৯  
২৫ জুন, ২০২২

**বিষয়: কারণ দর্শানোর নোটিশ**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিবন্ধিত হজ এজেন্সি রিভার ভ্যালি ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১২৩), সালেহ ম্যানশন ৩/১০, নয়াপল্টন, সুইট#৬ই, ৬ষ্ঠ তলা, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং


০২। যেহেতু আপনি হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ০৯ ধারায় বর্ণিত নিবন্ধনের শর্তসমূহ পালনে দৃঢ়ভাবে অঙ্গীকারাবদ্ধ; এবং

০৩। যেহেতু আপনার এজেন্সির ২০ জন হাজীর মদিনার হোটেল বুকিং ২৫.০৬.২০২২ তারিখ থাকলেও হাজীদের ২৪.০৬.২০২২ তারিখ সৌদি আরব প্রেরণ করেছেন এবং যেহেতু উক্ত হাজীগণ প্লাজায় ৪ ঘণ্টা যাবত বাসে বসে আছে ও এজেন্সির হোটেল খালি না থাকায় বাস ছাড়া সম্ভব হচ্ছে না; এবং

০৪। যেহেতু আপনার এজেন্সির এরূপ কার্যক্রমের কারণে সুষ্ঠু হজ ব্যবস্থাপনা ব্যাহত হয়েছে এবং সরকারের হজ ব্যবস্থাপনা সংশ্লিষ্ট নির্দেশনা উপেক্ষিত হয়েছে; যা হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর পরিপন্থী; এবং

০৫। যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের কারণে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের কারণসমূহ বিদ্যমান;

০৬। সেহেতু আপনার কর্তৃক পরিচালিত রিভার ভ্যালি ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১২৩) এর বিরুদ্ধে হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এর ১৩ ধারা অনুযায়ী কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে এ মন্ত্রণালয়ে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২৫.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব

ফোন: ৫৫২০১১১৮

e-mail: morahajsection@gmail.com


স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার  
রিভার ভ্যালি ট্রাভেলস (হজ লাইসেন্স নং-১১২৩),  
সালেহ ম্যানশন ৩/১০, নয়াপল্টন,  
সুইট#৬ই, ৬ষ্ঠ তলা, ঢাকা

নম্বর: ধবিম/হ:শা:/৪-৩৫৩/২০১৩- ১৮৮

তারিখ: ২৫.০৬.২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ([www.mora.gov.bd](http://www.mora.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কারওয়ান বাজার, ঢাকা ([www.hajj.gov.bd](http://www.hajj.gov.bd) ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি।

  
২৫.০৬.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন  
উপসচিব